দৈনিক খবর

তারিখ... 27 DEC. 1990
পৃষ্ঠা... ৮ ......কলাম... ৮ ...

146

ঢাকা বিশ্ববিদ্যালয়

## শীতকালীন ছুটিতে শুধুমাত্র ক্লাস বন্ধ থাকবে

।। স্টাফ রিপোর্টার ।।

শীতকালীন ছুটি চলাকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুধুমাত্র ক্লাস বন্ধ থাকবে। অন্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলবে।

গতকাল বুধবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় ছাত্র ঐক্যের দাবীর প্রেক্ষিতে শীতকালীন ছুটি কমিয়ে শুক্রবার পর্যন্ত করার বিষয়টি আলোচনা করা হয় এবং ছুটি না কমিয়ে ক্লাসবাদে লাইব্রেরী, বাস, অফিস চালু রাখার সিদ্ধান্ত নেয়া হয় বলে জানা গেছে।

বিশ্ববিদ্যালয়ের শীতকালীন ছুটি কমিয়ে আনার ব্যাপারে গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দের সাথে ছাত্র ঐক্য নেতৃবৃন্দ এক বৈঠকে মিলিত হন।